# এলপিজির দাম ৭০ টাকা বেড়ে ১২ কেজি সিলিন্ডার ১৫৯৮ টাকা



ছবি: সংগৃহীত

ভোক্তাপর্যায়ে ১২ কেজি তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস (এলপিজি) সিলিন্ডারের দাম ৭০ টাকা বাড়িয়েছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। নতুন মূল্য অনুযায়ী, ১২ কেজির একটি এলপিজি সিলিন্ডার কিনতে এখন গুনতে হবে ১ হাজার ৫৯৮ টাকা।

রোববার (২ আগস্ট) বিইআরসি এক বিজ্ঞপ্তিতে আগস্ট মাসের জন্য এলপিজির নতুন মূল্য ঘোষণা করে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ভোক্তাপর্যায়ে রিটেইলার পয়েন্টে মূল্য সংযোজন কর (মূসক)সহ এ দাম নির্ধারণ করা হয়েছে। নতুন মূল্য রোববার সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হবে।

বিইআরসি আরও জানিয়েছে, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এই মূল্যই কার্যকর থাকবে।

LENS ASIA